

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
রামগঞ্জ, লক্ষ্মীপুর
bbs.ramganj.lkakhmipur.gov.bd

নং-৫২.০১.৫১৬৫.০০০.০৫.০০১.২০-০১৭

তারিখঃ ১৭ বৈশাখ ১৪৩৩
২৯ এপ্রিল ২০২৬

অফিস আদেশ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর-এর সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (Governance Performance Monitoring System-GPMS) প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে একটি উপজেলা কমিটি গঠন করা হলোঃ

| ক্রম. | নাম ও পদবী | কর্মস্থল | কমিটিতে পদবী |
|-------|--|--|-----------------------------------|
| ০১ | জনাব মোঃ নূর নবী উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | উপজেলা পরিসংখ্যান কার্যালয় রামগঞ্জ, লক্ষ্মীপুর | টিমলিডার ও ফোকালপয়েন্ট কর্মকর্তা |
| ০২ | জনাব মোঃ হান্নান মিয়া পরিসংখ্যান তদন্তকারী | উপজেলা পরিসংখ্যান কার্যালয় রামগঞ্জ, লক্ষ্মীপুর | সদস্য |
| ০৩ | জনাব মোঃ জামাল উদ্দিন জুনিয়র পরিসংখ্যান সহকারী | উপজেলা পরিসংখ্যান কার্যালয় রামগঞ্জ, লক্ষ্মীপুর | সদস্য |

০২। GPMS-কমিটির কার্যপরিধিঃ

১. উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত ও নির্ধারিত সময়ের মধ্যে দাখিল নিশ্চিত করা।
২. অনুমোদিত কর্মসম্পাদন পরিকল্পনা অনুযায়ী বছরব্যাপী কার্যক্রম বাস্তবায়ন, সমন্বয় ও তদারকি করা।
৩. বাস্তবায়িত কার্যক্রমের প্রমাণক সংগ্রহ, সংরক্ষণ ও প্রয়োজন অনুযায়ী উপস্থাপনের ব্যবস্থা রাখা।
৪. কর্মসম্পাদন পরিকল্পনার কোনো কার্যক্রম বা লক্ষ্যমাত্রা সংশোধনের প্রয়োজন হলে যৌক্তিকতাসহ প্রস্তাব উর্ধ্বতন অফিসে প্রেরণ করা।
৫. ষাণ্মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে নির্ধারিত সময়ের মধ্যে উর্ধ্বতন অফিসে প্রেরণ করা।
৬. বার্ষিক কর্মসম্পাদন অগ্রগতি মূল্যায়নের জন্য প্রয়োজনীয় তথ্য ও প্রমাণক প্রস্তুত রাখা এবং দাখিল নিশ্চিত করা।
৭. GPMS সংক্রান্ত নির্দেশিকা, ক্যালেন্ডার ও উর্ধ্বতন অফিসের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পাদন করা।

২৯.০৪.২০২৬

মোঃ নূর নবী

উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা

☎ ০২৩৩৪৪৪২৬২৫

usoramganj@gmail.com

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- (০১) পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- (০২) GPMS ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- (০৩) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, চট্টগ্রাম
- (০৪) উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, লক্ষ্মীপুর
- (০৫) জনাব মোঃ হান্নান মিয়া, পরিসংখ্যান তদন্তকারী, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর
- (০৬) জনাব জনাব মোঃ জামাল উদ্দিন, জুনিয়র পরিসংখ্যান সহকারী, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর
- (০৭) অফিস কপি